গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
টেলিযোগাযোগ অধিদপ্তর
প্রশিক্ষণ অধিশাখা
৪২৩-৪২৮, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।
www.telecomdept.gov.bd

স্মারক নম্বর: ১৪.৩০.০০০০.২১৮.২৯.০০১.২০.১১৮

তারিখ: ১৫ পৌষ ১৪২৭
৩০ ডিসেম্বর ২০২০

বিষয়: **২০১৫-২০২০ অর্থ-বছরের সহজিকৃত সেবাসমূহের নামের তালিকা প্রেরণ।**

সূত্র: ১৪.০০.০০০০.০০১.১৬.০০৯.১৭.১৫০৬ ২৮ ডিসেম্বর ২০২০

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে টেলিযোগাযোগ অধিদপ্তরের সহজিকৃত সেবাসমূহের তালিকা তাঁর সদয় ও পরবর্তী কার্যক্রমের জন্য এতদসংগে সংযুক্ত করে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ০২ (দুই) পাতা।

৩০-১২-২০২০
মোঃ মহসিনুল আলম
মহাপরিচালক
ফোন: +৮৮০-২-৯৮৩০৯১১
ফ্যাক্স: +৮৮০-২-৯৮৩০৯৮০
ইমেইল: mohsin.alam@telecomdept.gov.bd

সচিব
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ

**দৃষ্টি আকর্ষণঃ** সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ

বিষয়: <u>২০১৫-২০১৯ অর্থ বছরের সহজিকৃত সেবাসমূহের নামের তালিকা প্রেরণ।</u>

সূত্র: পিটিডি স্মারক নং: ১৪.৩০.০০০০.০০১.১৬.০০৯.১৭.১৫০৬ তারিখ: ২৮ ডিসেম্বর ২০২০ খ্রি:।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোস্থ স্মারকের অনুবৃত্তিক্রমে ২০১৫-২০২০ অর্থ বছরে টেলিযোগাযোগ অধিদপ্তর কর্তৃক সহজিকৃত সেবাসমূহের তালিকা নিম্নে উপস্থাপন করা হলো :

| ক্রমিক নং | অর্থ -বছর | সহজিকৃত সেবার নাম | মন্তব্য |
|---|---|---|---|
| ১। | ২০১৮-২০১৯ | টেলিযোগাযোগ অধিদপ্তরের অফিসভবনে Solar Panel ব্যবহারের মাধ্যমে Light ins System চালু করা হয়েছে। | |
| ২। | ২০১৯-২০২০ | ১। ইজিপি ব্যবস্থাপনাঃ e-GPএর মাধ্যমে ৫টি ক্রয়কার্য সম্পন্নকরন।<br>২। ইন্টারনেট মনিটরিং: টেলিযোগাযোগ অধিদপ্তরের অধীনে "সাইবার থ্রেট ডিটেকশন এন্ড রেসপন্স" শীর্ষক প্রকল্প বাস্তবায়ন সম্পন্ন হয়েছে, যার মাধ্যমে সরকারের নীতিমালা অনুযায়ী কন্টেন ফিল্টারিং এর নিমিত্ত ইন্টারন্যাশনাল ইন্টারনেট গেটওয়ে (আইআইজি) কর্তৃক ব্যবহৃত ব্যান্ডউইথ মনিটরিং কর্যক্রম পরিচালনা করা হয়েছে। ২০১৯-২০ অর্থ-বছরে গড়ে ডাউনলোড ৯৫০ জিবিপিএস ও আপলোড ২৫০ জিবিপিএস হারে ব্যান্ডউই মনিটরিং করা হয়েছে।<br>৩। পূর্তকাজ সম্পাদনঃ টেলিযোগাযোগ অধিদপ্তরের অফিস ভবন রেট্রোফিটিং ও উলম্ব সম্প্রসারন কাজ সম্পন্ন হয়েছে এবং লিফট স্থাপন করা হয়েছে।<br>৪। পি এ সিষ্টেম স্থাপনঃ ভিডিও কনফারেন্স রূমের রিনোভেশন এবং সিসি ক্যামরাসহ পাবলিক এড্রেস সিস্টেম স্থাপন করা হয়েছে। | |
| ৩। | ২০২০-২০২১ | EFT সেবাঃ সরকারের ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে Integrated Budget and Accounting System (IBS++)-এর সাথে অধিদপ্তরের আর্থিক ব্যবস্থাপনা (ব্যয় ও আয়) সংযুক্ত করা হয়েছে। বাজেট প্রণয়ণ, সংশোধিত বাজেট প্রণয়ণ, পূণ:উপযোজন, ব্যয়ের সকল ধরনের বিল ভাউচার ইত্যাদি IBAS পদ্ধতি অনুসরণপূর্বক সম্পাদন করা হচ্ছে। সমগ্র বাংলাদেশে কর্মকর্তা-কর্মচারীদের (পিআরএল ভোগরতসহ) বেতন, জিপিএফ, ল্যাম্প গ্রান্ট, সকল ক্রয় ও রক্ষণাবেক্ষণ কাজের সহস্রাধিক বিল ইত্যাদি Electronic Fund Transfer (EFT)/ অনলাইন ব্যাংক ব্যবস্থাপনার মাধ্যমে প্রদান করা হচ্ছে। | |

এখানে উল্লেখ্য যে, টেলিযোগাযোগ অধিদপ্তর ২৫শে জুন ২০১৫ খ্রি: সৃষ্টি হয়েছিল এবং ১৫ই সেপ্টেম্বর ২০১৫ খ্রি: হতে কার্যক্রম আরম্ভ করা হয়েছিল। ফলে, নবগঠিত এ অধিদপ্তরটি উদ্ভাবন / সেবাসহজিকরণ কার্যক্রমে ২০১৮-২০১৯ অর্থ বছর হতে সম্পৃক্ত হয়েছে।

তাছাড়া ২০১৮-২০১৯ অর্থ বছরে Human Resource and Pay Roll Management চালুকরণ ও Retirement and Pension Management চালুকরণ সেবা দুটি সহজিকরনের উদ্যোগ গ্রহণ করা হয়েছিল কিন্তু ১১ মে ২০১৯ তারিখে অনুষ্ঠিত ইনোভেশন শোকেসিং মেলায় মাননীয় ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রী e-HRM সংক্রান্ত সেবাটি আইসিটি বিভাগ হতে সংগ্রহ করার নির্দেশনা প্রদান করেন। আইসিটি বিভাগের ই-গভর্নমেন্ট ই-আরপি প্রকল্প এর সংগে পত্র যোগাযোগ করা হয়েছে। উক্ত প্রকল্প কর্তৃক HRM সংক্রান্ত Software এর কাজ সম্পন্ন হলে তা ডিওটিতে ব্যবহার করা হবে।